

পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ দ্বিতীয় অধ্যায় - পাণ্ডুলিপি, প্রামাণ্যতা ও অভ্রান্ততা রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

২. ১৩. ৭. যিহুদা

নতুন নিয়মের ২৬তম পুস্তিকা: The Letter of Jude/ The Epistle of St. Jude the Apostle: যুদ/ যিহুদা/ এহুদার পত্র বা যীশু-প্রেরিত সাধু যুদের পত্র। পত্রটার শুরুতে লেখক বলছেন: "Jude, the servant of Jesus Christ, and brother of James: ঈসা মাসীহের গোলাম ও ইয়াকুবের ভাই এহুদা। (এহুদা ১/১) আমরা ইতোপূর্বে উল্লেখ করেছি যে, যীশু খ্রিষ্টের ভাইদের মধ্যে যাকোব/ ইয়াকুব ও যিহুদা/ এহুদার নাম বিদ্যমান। এ থেকে সাধারণভাবে ধারণা করা হয় যে, এ পত্রটার লেখক যীশুর ভাই এহুদা, যদিও লেখক নিজেকে ইয়াকুবের ভাই বলে দাবি করেছেন, যীশুর ভাই বলে দাবি করেননি। আধুনিক বাইবেল বিশেষজ্ঞদের অনেকে পূর্ববর্তী পত্রগুলোর মত এটাকেও ছদ্মনামে লেখা বলে মনে করেন। (উইকিপিডিয়া: Authorship of the Bible/ General epistles)। পত্রটা কোন সময়ে লেখা তা জানা যায় না। বর্তমানে বিদ্যমান এর প্রাচীনতম পাণ্ডুলিপি ৩য়/ ৪র্থ শতান্দীতে লেখা বলে ধারণা করা হয় (উইকিপিডিয়া: Dating the Bible)

Source — https://www.hadithbd.com/books/link/?id=13928

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন